গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

## ১.২ বহুমুখী পাটপণ্যের মেলায় অংশগ্রহণ

**(২০২৪-২০২৫ অর্থবছর )**

**বহুমুখী পাটপণ্যের যৌথ মেলা**

| ক্র.নং | মেলার নাম | স্থান | সময়কাল | উদ্যোক্তা/ ষ্টল সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প পণ্য সামগ্রীর প্রদর্শনী ও মেলা আয়োজন | পরিবেশ অধিদপ্তর,আগারগাঁও, ঢাকা। | ২৯ সেপ্টেম্বর/ ২০২৪ | ০২ টি স্টল |
| ০২। | বিসিক উদ্যোক্তা মেলা | আগ্রাবাদ, চট্টগ্রাম | ১৫-২৪ ডিসেম্বর ২০২৪ | ০২ টি ষ্টল |
| ০৩। | বহুমুখী পাটপণ্যের মেলায় অংশগ্রহণ | ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলা-২০২৫ | ০১-৩১ জানুয়ারি ২০২৫ | ২১ টি স্টল |
| ০৪। | বহুমুখী পাটপণ্যের মেলায় অংশগ্রহণ | বিসিক, শিববাড়ী, খুলনা | ০৮-১৭ জানুয়ারি ২০২৫ | ০২ টি স্টল |
| ০৫। | বহুমুখী পাটপণ্যের মেলায় অংশগ্রহণ | তারুণ্যের উৎসব, লালমনির হাট | ১০-১৪ ফেব্রুয়ারি ২০২৫ | ২০ টি স্টল |
| ০৬। | বহুমুখী পাটপণ্যের মেলায় অংশগ্রহণ | তারুণ্যের উৎসব, জামালপুর | ০৪-০৮ ফেব্রুয়ারি ২০২৫ | ০২ টি স্টল |
| ০৭। | বহুমুখী পাটপণ্যের মেলায় অংশগ্রহণ | ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরা, ঢাকা | ০৮-১০ মে ২০২৫ | ০২ টি স্টল |
| ০৮। | বহুমুখী পাটপণ্যের মেলায় অংশগ্রহণ | বানিজ্য মেলা মাঠ, আগারগাঁও ঢাকা | ২৫-২৭ মে ২০২৫ | ০১ টি স্টল |

মোঃ মোজাম্মিলুল ইসলাম

Seema Bose Adhara
Director (MRP), JDPC
Ministry of Textiles & Jute
Govt. of the People's Republic of Bangladesh

Md. Jahid Hossain
(Joint Secretary)
Executive Director (Add. Charge)
Jute Diversification Promotion Centre
Ministry of Textiles & Jute
Govt. of the People's Republic of Bangladesh

# পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প পণ্য সামগ্রীর প্রদর্শনী ও মেলা ২০২৪ এর প্রতিবেদেন




***মেলার সময়কাল: ২৯ সেপ্টেম্বের/ ২০২৪***

স্থান: পরিবেশ অধিদপ্তর,আগারগাঁও, ঢাকা ।

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি), ঢাকা

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

*145,Monipuri Para, Tejgoan, Dhaka-1215*

মোঃ মোজাহিদুল ইসলাম

# পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প পণ্য সামগ্রীর প্রদর্শনী ও মেলা ২০২৪
# পরিবেশ অধিদপ্তর,আগারগাঁও, ঢাকা।

**ভুমিকা:**

পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প পণ্য সামগ্রীর প্রদর্শনী ও মেলা ২০২৪ পরিবেশ অধিদপ্তর,আগারগাঁও, ঢাকায় দিন ব্যাপী মেলা অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক উপদেষ্টা মেলার উদ্বোধন করেন। মেলায় জেডিপিসি ২৪ স্টল নিয়ে বহুমুখী পাটপণ্যের প্রদর্শণীর আয়োজন করেন।



**বহুমুখী পাটপণ্যের যৌথ মেলার উদ্দেশ্য-**

☞ মেলায় আগত দর্শনার্থীদের নিকট বাংলাদেশের সোনালী আঁশ পাট দিয়ে উৎপাদিত বহুমুখী পাটপণ্য সামগ্রী উপস্থাপন করা এবং উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের প্রতি ক্রেতাদের আগ্রহ সৃষ্টি করা;

☞ মেলার অন্যতম লক্ষ্য ছিল উদ্যোক্তাদেরকে বিপণনে সহায়তাকরণ এবং ক্রেতাদের কাছে তাঁদের উৎপাদিত পণ্যের সমাহার উপস্থাপন ও বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে পারস্পরিক মিলন ঘটানো এবং একে অপরকে ভালভাবে জানা ও সম্পর্ক স্থাপনে/সেতু বন্ধনে সহায়তাকরণ;

☞ বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার এবং ব্যবহার বৃদ্ধির জন্য দেশের তৃনমূল পর্যায়ে পাটপণ্য ছড়িয়ে দেয়া;

☞ উদ্যোক্তাদের নিজেদের বহুমুখী পাটপণ্য সামগ্রীর গুনগত মান সম্পর্কে পরস্পরের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে পাটপণ্যের গুনগত মান আরোও কিভাবে উন্নত করা যায় তার সুযোগ তৈরী করে দেয়া;

☞ ক্ষুদ্র ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহের মালামাল বিপণনে সহায়তা ও তাদের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ও বিনিয়োগের অর্থ পুনরুদ্ধার করে চলতি মূলধনের মতো বার বার ব্যবহার করে বাৎসরিক turn over বাড়ানো;

- ☞ বহুমুখী পাটপণ্য সামগ্রীর বাজার সৃষ্টিতে সহায়তা করা এবং মেলায় আগত Buyer গণ যারা সহজেই মেলায় তাঁদের পছন্দের সামগ্রী সংগ্রহ করতে পারেন সে ব্যবস্থাকরণ;
- ☞ পাশাপাশি উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ যাতে সহজেই দেশে তাঁদের পাটপণ্যের বিক্রয় Order লাভ করতে পারেন সেই সুযোগ সৃষ্টিকরন:
- ☞ এছাড়া উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের গুনগত পরিবর্তন ও প্রযুক্তিগত উন্নয়ন এবং নতুনর"পে ক্রেতাদের বিশেষ করে নতুন প্রজন্মের কাছে সুন্দরভাবে উপস্থাপন করাও ছিল এ মেলা আয়োজনের অন্যতম উদ্দেশ্য।
- ☞ সর্বোপরি বহুমুখী পাটপণ্যসামগ্রী দেশে বাজারজাতকরণ ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে, বিপণন ও প্রচারমূলক কার্যক্রমের সফল মাধ্যম হিসেবে এ মেলা আয়োজন করা হয়।

**মেলায় অংশগ্রহণ**

পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প পণ্য সামগ্রীর প্রদর্শনী ও মেলা ২০২৪ পরিবেশ অধিদপ্তর,আগারগাঁও, ঢাকায় দিন ব্যাপী মেলা অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক উপদেষ্টা মেলার উদ্বোধন করেন। উক্ত মেলায় জেডিপিসি নতুন নতুন ডিজাইন সমৃদ্ধ ও আকর্ষণীয় পাটের তৈরী কাগজ, স্বল্প মূল্যের পাটেরে ব্যাগ, অফিস আইটেম, বিভিন্ন প্রকার ব্যাগ এবং বিভিন্ন ধরণের শো-পিছসহ গৃহস্থালী কাজে ব্যবহারযোগ্য বাহারী পণ্যের পসরা নিয়ে এ মেলায় অংশগ্রহণ করে।




মেলায় প্রচুর দর্শনার্থীর সমাগম হয়। তারা বহুমুখী পাটপণ্যের বিপুল সমাহার দেখে যেমনিভাবে মুগ্ধ হন তেমুনিভাবে উচ্চমূল্য সংযোজিত এ পাটপণ্য ব্যবহারের আগ্রহী হন। পাট শুধু বস্তা নয়,পাট ও পাটজাত সামগ্রী দিয়ে তৈরী সুন্দর সুন্দর পণ্য তাঁদের পূর্ব ধারনাকে সম্পূর্ণরূপে পাল্টে দেয়। এছাড়া মেলায় আগতনতুন প্রজন্মের ছেলে মেয়েদের মধ্যে সোনালী আঁশ পাট থেকে তৈরীকৃত বহুমুখী পাটপণ্য সামগ্রীর ব্যাপারে ব্যাপক আগ্রহ পরিলক্ষিত হয় যা অত্যন্ত আশাব্যাঞ্জক।

**উদ্বোধনী অনুষ্ঠান**

পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প পণ্য সামগ্রীর প্রদর্শনী ও মেলা ২০২৪ পরিবেশ অধিদপ্তর,আগারগাঁও, ঢাকায় দিন ব্যাপী মেলা অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক

উপদেষ্টা মেলার উদ্বোধন করেন। মেলায় জেডিপিসি নিত্য নতুন উৎপাদিত বহুমুখী পাটপণ্য সামগ্রী নিয়ে অংশগ্রহণ করে।



## মেলা পরিদর্শন:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বন পরিবেশ ও জলবায়ু বিষয়ক উপদেষ্টা মেলার উদ্বোধন শেষে জেডিপিসি'র স্টল পরিদর্শন করেন এবং প্রদর্শিত পাটপণ্যের ভূয়সী প্রসংশা করেন । তিনি বলেন, পরিবেশ রক্ষায় পলিথিনের বিকল্প হিসেবে পাটপণ্য ব্যবহার করতে হবে। তিনি বহুমুখী পাটপণ্যের আরো প্রচার প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য তাগিদ দেন এবং তার পক্ষ থেকে সহায়তার আশ্বাস দেন।



**মেলায় লোক সমাগম**

পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প আয়োজিত প্রদর্শণীতে বহুমুখী পাটপণ্যের বিপুল সমাহার দেখে ক্রেতা সাধারণ যেমনিভাবে মুগ্ধ হন পাশাপাশি উচ্চমূল্য সংযোজিত এ পাটপণ্য ব্যবহারের ক্ষেত্রেও তাদের আগ্রহ লক্ষণীয়। পাট শুধু বস্তা নয়, পাট ও পাটজাত সামগ্রী দিয়ে তৈরী সুন্দর সুন্দর পণ্য তাঁদের পূর্ব ধারনাকে সম্পূর্ণরূপে পাল্টে দেয়। উল্লেখ করা প্রয়োজন যে, দর্শকদের মধ্যে মহিলা ও যুবসমাজের অংশগ্রহণ বিশেষভাবে পরিলক্ষিত হয়। এছাড়াও মেলায় আগত নতুন প্রজন্মের ছেলে মেয়েদের মধ্যে সোনালী আঁশ পাট থেকে তৈরীকৃত বহুমুখী পাটপণ্য সামগ্রীর ব্যাপারে ব্যাপক আগ্রহ পরিলক্ষিত হয় যা আশাব্যাঞ্জক।

**<u>অবদান</u>**

পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প আয়োজিত মেলার অবদান হচ্ছে পলিথিন শপিং ব্যাগ এর বিকল্প পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি এবং জনসাধারনের মধ্যে বহুমুখী পাটপণ্যের প্রচার ও প্রসার। নতুন প্রজন্মের কাছে সোনালী আঁশ পাটকে আরও বহুমুখীভাবে উপস্থাপন। বিভিন্ন স্থান থেকে আগত মেলায় শিল্প উদ্যোক্তাদের নিজেদের মধ্যে পারস্পরিক আলোচনার মাধ্যমে নিজেদের উৎপাদিত পণ্য সামগ্রীর গুনগতমান ও উৎপাদন প্রক্রিয়া সম্পর্কে বিনিময় ঘটেছে। ফলে প্রতিনিয়ত বহুমুখী পাটপণ্যের ব্যবহার ও বাজার সম্প্রসারণ হচ্ছে।

মোঃ মোজাহিদুল ইসলাম
মার্কেটিং এন্ড এক্সটেনশন স্পেশালিষ্ট
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

০৮/০৬/১৪৩১ বঙ্গাব্দ।

স্মারক নম্বর-২২.০২.০০০০.০৮১.২২.০০৬.২০.১১৪    তারিখ:------------------------

২৩/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ পলিথিন শপিং ব্যাগ-এর বিকল্প পণ্য সামগ্রী প্রদর্শনী মেলা ও সেমিনারে অংশগ্রহণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার কর্তৃক বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ধারা ৬(ক) অনুযায়ী পলিথিন শপিং ব্যাগের উপর বিদ্যমান নিষেধাজ্ঞা কঠোরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বিদ্যমান নিষেধাজ্ঞা বাস্তবায়ন এবং সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগের বিকল্প পণ্যের বিষয়ে সচেতনতা ও বিকল্প পণ্য সরবরাহ সহজীকরণের লক্ষ্যে আগামী ২৯.০৯.২০২৪ খ্রি: তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় এ বিষয়ে পরিবেশ অধিদপ্তরে মেলা ও সেমিনার **(৩য় তলার অডিটোরিয়ামে)** আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা **সৈয়দা রিজওয়ানা হাসান** প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. ফারহিনা আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ড. আবদুল হামিদ।

২। বর্ণিত মেলা ও সেমিনারে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: অনুষ্ঠানসূচি

**ড. আবদুল হামিদ**
মহাপরিচালক
ফোন: ০২-২২২২১৮৫০০
ই-মেইল: dg@doe.gov.bd

**বিতরণ: মন্ত্রণালয়/অন্যান্য বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৩. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান, পল্লী কর্ম সংস্থান ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, মতিঝিল, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৬. মহাপরিচালক, পাট অধিদপ্তর, ৯৯, মতিঝিল রোড, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), মান ভবন ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৮. অতিরিক্ত সচিব (পরিবেশ/পদূনি), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. যুগ্মসচিব (পরিবেশ/পদূনি), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিতরণ (পরিবেশ অধিদপ্তর): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা/আইটি/আইন/জল: পরি: ও আন্ত: কন:/বায়ুমান/প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/এনফোর্সমেন্ট/ছাড়পত্র/পরিকল্পনা/ঢাকা গবেষণাগার/ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাসন/বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা/আইটি/আইন/জল: পরি: ও আন্ত: কন:/বায়ুমান/প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/এনফোর্সমেন্ট/ছাড়পত্র/পরিকল্পনা/অর্থ/সমন্বয়/ঢাকা গবেষণাগার/ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/ ঢাকা জেলা কার্যালয়), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
৪. সহকারী পরিচালক/সিনিয়র কেমিস্ট (ছাড়পত্র/বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা/সমন্বয়/প্রচার জল: পরি: ও আন্ত: কন:/আইটি), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
৫. সহকারী পরিচালক/পরিদর্শক (সেবা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা (অডিটোরিয়াম প্রস্তুতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

বিতরণ উপস্থাপক/প্যানেল আলোচক) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি), ১৪৫, মনিপুরীপাড়া, তেজগাও, ঢাকা-১২১৫ (সেমিনারে **'Jute Product Diversification to solve single use plastic problem'** বিষয়ে উপস্থাপনা প্রদানের জন্য একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।

২. ড. শাহরিয়ার হোসেন, মহাসচিব, Environment and Social Development Organization (ESDO), লালমাটিয়া, ঢাকা (সেমিনারে প্যানেল আলোচক হিসেবে অংশগ্রহণের অনুরোধসহ)।

৩. Mr. S. Hassanul Banna, Coordinator (Legal), Bangladesh Environmental Lawyer Association (BELA) (সেমিনারে **'National and International - Legal Aspect of Single Use Plastic'** বিষয়ে উপস্থাপনা প্রদানের অনুরোধসহ)।

৪. Mr. Md. Arifur Rahman Bhuiyan Assistant Professor, Department of Environmental Science, Bangladesh University of Professionals (BUP) (সেমিনারে Environmental and Health Impact of Single Use Plastic বিষয়ে উপস্থাপনা প্রদানের অনুরোধসহ)।

৫. জনাব মোঃ হেলাল উদ্দিন, সভাপতি, বাংলাদেশ দোকান মালিক সমিতি, ০১৭১১৫৪৫০৬৮(সেমিনারে প্যানেল আলোচক হিসেবে অংশগ্রহণের অনুরোধসহ)।

বিতরণ (উন্নয়ন সহযোগী/সংস্থা/প্রতিষ্ঠান) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ড. জাকিউজ্জামান, UNIDO কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, বাংলাদেশ।
২. জনাব মনোয়ারুল ইসলাম, হেড অব প্রোগ্রাম, Environment and Social Development Organization (ESDO), লালমাটিয়া, ঢাকা।
৩. সভাপতি, বাংলাদেশ পরিবেশ বাচাঁও আন্দোলন (পবা), বাড়ী নং-৫৮/৯, প্রথম লেন, কলাবাগান, ঢাকা-১২০৭।
৪. সভাপতি, পরিবেশ আন্দোলন (বাপা), ৯/১১, ব্লক # ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রান-আরএফএল গ্রুপ অব ইন্ডাষ্ট্রিজ লিঃ, প্রাণ আর এফ এল সেন্টার, ১০৫, মধ্য বাড্ডা ঢাকা-১২১২।
৬. চেয়ারম্যান, ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড, জেড, এন, টাওয়ার, প্লট #২, রোড # ৮, গুলশান-১, ঢাকা-১২১২।
৭. ব্যবস্থাপনা পরিচালক, নেসলে বাংলাদেশ লিঃ, নিনাকাবা (লেভেল ২), ২২৭/এ তেজগাঁও গুলশান লিংক রোড, তেজগাঁও বা/এ, ঢাকা-১২০৮।
৮. চেয়ারম্যান, স্কয়ার কনজুমার প্রোডাক্ট লিঃ, স্কয়ার সেন্টার, ৪৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
৯. চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা গ্রুপ, ফ্রেশ ভিলা, বাড়ী #১৫, রোড-৩৪, গুলশান-১, ঢাকা-১২১২।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড), ঢাকা চেম্বার বিল্ডিং (১০ম তলা), ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
১১. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক, বাটা সু কোম্পানী (বাংলাদেশ লিঃ), গাজীপুর।
১২. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক, এপেক্স ফুটওয়্যার লিঃ Block # SE(D, Head Office, House # 06 রোড ১৩৭, ঢাকা 1212.

বিতরণ (সমিতি/সংগঠন) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী#৭/৭৪, সেক্টর-১৭, ব্লক#এইচ-১, উত্তরা, ঢাকা।
২. সভাপতি, ঢাকা মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, ১২২-১২৪ মতিঝিল সি/এ, ঢাকা-১০০০ (একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধ করা হলো)।
৩. সভাপতি, বাংলাদেশ প্লাষ্টিক গুডস ম্যানুফেকচারার্স এন্ড এক্সপোর্টাস এসোসিয়েশন (বিপিজিএমইএ), ঢাকা।
৪. জনাব রেজাউল ইসলাম মন্টু, সহ-সভাপতি, বাংলাদেশ দোকান মালিক সমিতি, ০১৯১১৩৬০৬৪৯.
৫. জনাব কামরুল হাসান বাবু, সহ-সভাপতি, বাংলাদেশ দোকান মালিক সমিতি, ০১৭৭৭৪০৩৯২২.
৬. জনাব হাবিবুর রহমান সরকার, প্রচার সচিব, বাংলাদেশ দোকান মালিক সমিতি, ০১৯১৮৪০৫২০২.
৭. হাজী মোঃ শাহীন খান, সভাপতি, বাংলাদেশ পাদুকা প্রস্তুতকারক সমিতি, ০১৭১১৫৩১৭৫৩.
৮. জনাব মোঃ আব্দুল কুদ্দুস রানা, সাধারণ সম্পাদক, বাংলাদেশ পাদুকা প্রস্তুতকারক সমিতি, ০১৭৩৩৬৬০৪২৪.
৯. আলহাজ্ব মোঃ আলাউদ্দিন মালিক, সভাপতি, বাংলাদেশ অভ্যন্তরিন পোশাক প্রস্তুতকারক সমিতি, ০১৭৯০০৭৭৭৭৭.
১০. জনাব মোঃ হাফেজ মোস্তফা, সাধারণ সম্পাদক, বাংলাদেশ অভ্যন্তরিন পোশাক প্রস্তুতকারক সমিতি, ০১৮১৯২১৬৭৭২.
১১. জনাব মোঃ জালাল উদ্দিন, সভাপতি, বাংলাদেশ ব্রেড ও কনফেকশনারী প্রস্তুতকারক সমিতি, ০১৭১১৬৩৬১২৯.
১২. জনাব সম্রাট নাছির, সাধারন সম্পাদক, বনলতা কাঁচাবাজার, নিউমার্কেট, ঢাকা, ০১৭১৭৪৬৩৩৮৩.
১৩. জনাব মোঃ লুৎফর রহমান (বাবুল), সভাপতি, মোহাম্মদপুর টাউনহল সিটি কর্পোরেশন কাঁচাবাজার বণিক সমিতি, ০১৮১৯৯৬৯৯৬৭.

বিতরণ (সুপারশপ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, মীনা বাজার, বাড়ি-৪৪, রোড-১৬ (পুরাতন-২৭), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
২. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, আগোরা, ০৫, মহাখালী (৬ষ্ঠ তলা), পারাগন বিল্ডিং, ঢাকা-১২১২।
৩. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, আরএফএল বেস্টবাই, প্রান আরএফএল সেন্টার, ১০৫ মধ্যবাড্ডা, প্রগতি স্বরণী, ঢাকা-১২১২।
৪. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, ডেইলী সুপার শপ (ডিএসএস), শেওড়াপাড়া, বেগম রোকেয়া স্বরনী, ঢাকা।

৫. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, প্রিন্স বাজার, প্যারাডাইস প্লাজা, কমার্শিয়াল প্লট-৬ ও ১১, ব্লক-বি, মিরপুর, ঢাকা।

৬. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, হ্যাপি মার্ট, বেঙ্গল হাউজ, ৭৫ গুলশান এভিনিউ, গুলশান-১ ঢাকা।

৭. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, স্বপ্ন সুপার শপ, এসিআই সেন্টার ২৪৫, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

৮. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, ইউনিমার্ট, গুলশান সেন্টার পয়েন্ট, বাড়ি-২৩-২৪, রোড-৯০-৯১, গুলশান-২, ঢাকা।

৯. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, চালডাল সেন্টাগন, বাড়ি-৬৫, রোড-০৭, মহাখালী, ঢাকা-১২১২।

১০. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, হোলসেল ক্লাব, যমুনা ফিউচার পার্ক, লেভেল - (-২), ক-২৪৪, কুড়িল, ঢাকা।

১১. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, মোস্তফা মার্ট, বসুন্ধরা সিটি, লেভেল-৫, পান্থপথ, ঢাকা-১২০৫.

১২. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, আলমাস সুপার শপ, গ্রীণ তাজ সেন্টার, বাড়ি- ৭১ (নতুন-৮১), রোড-৮, সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা।

১৩. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, শাপলা সুপার শপ, ১৫৩/৩ ক্রিসেন্ট রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

১৪. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, দানিয়াল মার্ট, ৪৭ পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

১৫. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, দারাজ অনলাইন শপিং বাংলাদেশ, বিডি ট্রেড সেন্টার, ঢাকা।

১৬. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, আস্থা সুপার শপ, ২৯৪ ওয়াপদা রোড, পলাশবাগ, ঢাকা-১২১৯।

১৭. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, ফ্রেন্ডস এন্ড ফ্যামিলি সুপার শপ, ঢাকা।

১৮. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী, সিএসডি, সিএসডি ভবন, ৩য় তলা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

**বিতরণ: বহুমুখী পাটপণ্য প্রতিষ্ঠান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি), ১৪৫, মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

২. জনাব মো: তারিক হোসেন, স্বত্বাধিকারী, গ্রীন আর্থ কটেজ।

৩. জনাব মো: মহিউদ্দিন, প্রধান কার্য নির্বাহী, মনি জুট গুডস্ এন্ড হ্যান্ডিক্রাফটস।

৪. মিসেস নার্গিস আহমেদ, স্বত্বাধিকারী, আনা ফ্যাশন বুটিক।

৫. জনাব মো: আবুল মিয়া, স্বত্বাধিকারী, ভাই ভাই জুট প্রোডাক্ট।

৬. জনাব কাজী আশরাফুল হক, পরিচালক, রোজডেল বিজ।

৭. জনাব মো: সোহেল রানা, স্বত্বাধিকারী, জুট ব্র্যান্ড।

৮. জনাব মো: সিরাজুল হক, চীফ এক্সিকিউটিভ, ওয়ান ওয়ার্ড এক্সিম।

৯. জনাব মো: হাকিম আলী সরদার, স্বত্বাধিকারী, গোল্ডেন জুট প্রোডাক্ট।

১০. মিসেস সায়রা ইসলাম, স্বত্বাধিকারী, অরোরাটেক্স।

১১. জনাব মাসুদ, স্বত্বাধিকারী, বানিজ্য আন্তর্জাতিক লি:

**<u>বিতরণ: ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠান</u> (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১২. ব্যবস্থাপনা পরিচালক,এসএমই ফাউন্ডেশন পর্যটন ভবন, ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

১৩. Eco Bangla, Arts & crafts shop, Eco-friendly products, House#622/A Road#20, Tilpapara, Khilgoan, Dhaka, Bangladesh

১৪. Hodok, Tote Bags, East Kazipara, Kazipara, Bangladesh

১৫. Karunik, Arts & crafts shop, 01937-701223

১৬. Baah, jute and cotton, House 15, Road 8, Gulshan 1

১৭. Naturegical, Biodegradable products, 140 Arambagh, Motijheel,

১৮. Ahiyana Handicraft, Jute, cane, straw, Dhaka, Bangladesh

১৯. কাজী আবুল হাশেম (মোজাহিদ), বাংলাদেশ পরিবেশ বান্ধব সংগঠন (বিইও), ২৭, জিন্দাবাহার, নয়াবাজার (২য় লেন), ঢাকা।

২০. জনাব হাবিবুর রহমান (হাবিব), কমার্শিয়াল ম্যানেজার, আই প্যাকেজিং, সুভাস্তু সূর্য ট্রেড সেন্টার (লেভেল-০৮), প্লট-৫৭, কামাল আতাতুর্ক এভিনিউ, ব্লক-বি, বনানী, ঢাকা। ০১৬১২-১৪১১৬০

২১. জনাব মাহবুবুল আলম (মাহবুব সুমন), ব্যবস্থাপনা পরিচালক, শালবৃক্ষ লিমিটেড, ৩, কায়েমপুর-বটতলা, ফতুল্লা - ১৪২০, নারায়ণগঞ্জ।

২২. জনাব আব্দুল কুদ্দুস, স্বত্বাধিকারী, এ কিউ বিজনেস লিংক, ১৮ আর কে মিশন রোড, ৬ষ্ঠ গলি, গোপীবাগ, ঢাকা।

২৩. জনাব আমারা হাসান আবেদ, ব্যবস্থাপনা পরিচালক, ব্র্যাক রিসাইকেলড হ্যান্ডমেড পেপার, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা।

**অনুলিপিঃ অবগতির জন্য।**

১. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. পাবলিক রিলেশন অফিসার (সিনিয়র তথ্য কর্মকর্তা), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ঢাকা।

৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) চট্টগ্রাম
জুট ডাইভারসিফেকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূত্র নং : জেইএসসি/চট্ট /প্রশা/১/২৪/ তারিখ : ২৫-১২-২০২৪ ইং

বরাবর
নির্বাহী পরিচালক
জুট ডাইভারসিফেকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১৪৫,মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

দৃষ্টি আকর্ষণ : পরিচালক (এমআরপি), জেডিপিসি।

বিষয়ঃ- জেইএসসি চট্টগ্রাম এর উদ্যোগে যৌথ মেলার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়

আপনার সদয় অবগতির জন্য, জেইএসসি চট্টগ্রাম কেন্দ্রের উদ্যোগে বিগত ১৫-১২-২০২৪ ইং থেকে ২৪-১২-২০২৪ ইং পর্যন্ত বিসিক কার্যালয় আগ্রাবাদ চট্টগ্রাম এ ১০ দিন ব্যাপী বিজয় মেলায় বিসিক এর সাথে যৌথভাবে জেইএসসি চট্টগ্রাম এর দুই জন উদ্যোক্তা অংশগ্রহন করে।

উক্ত মেলার প্রতিবেদন আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(স্বপন চন্দ্র মোহন্ত)
এক্সটেনশন এন্ড মার্কেটিং অ্যাসিসটেন্ট
জেইএসসি, চট্টগ্রাম।

সংযুক্তঃ ক) প্রতিবেদন ১ পাতা।

# বহুমুখী পাটপণ্যে যৌথ মেলার প্রতিবেদন




মেলার সময়কাল ঃ ১৫-২৪ ডিসেম্বর ২০২৪ ইং

স্থান ঃ বিসিক ভবন প্রাঙ্গন,আগ্রাবাদ, চট্টগ্রাম।

---

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি), চট্টগ্রাম।

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)

বস্ত্র ও পাট মন্ত্রণালয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

*145,Monipuri Para, Tejgoan, Dhaka-1215*

# বহুমুখী পাটপণ্যের যৌথ মেলা
# বিসিক ভবন প্রাঙ্গন
# আগ্রাবাদ,চট্টগ্রাম।

ভূমিকা ঃ

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন চট্টগ্রাম কর্তৃক আয়োজিত বিজয় মেলায়  জেইএসসি কেন্দ্রের উদ্যোক্তাদের অংশগ্রহনে যৌথ মেলা ২০২৪ বিসিক ভবন প্রাঙ্গন,আগ্রবাদ,  চট্টগ্রাম এ অনুষ্ঠিত হয়। বিজয় মেলা বিগত ১৫-১২-২০২৪ ইং তারিখে শুরু হয়ে ২৪-১২-২০২৪ ইং পর্যন্ত চলে শেষ হয়।

মেলায় প্রচুর লোক সমাগম হয়। তারা বহুমুখী পাটপণ্যের বিপুল সমাহার দেখে যেমনিভাবে মুগ্ধ হন তেমনি ভাবে উচ্চমূল্যে সংযোজিত এ পাটপণ্যে ব্যবহারের আগ্রহী হন। পাট শুধু বস্তা নয়, পাট ও পাটজাত সামগ্রী দিয়ে তৈরী সুন্দর সুন্দর পণ্য তাদের ধারনাকে সম্পূর্ণরূপে পাল্টে দেয়। এ ছাড়া মেলায় আগত নতুন প্রজম্মের ছেলে মেয়েদের মধ্যে সোনালী আঁশ পাট থেকে তৈরীকৃত বহুমুখী পাটপণ্যে সামগ্রীর ব্যাপারে ব্যাপক আগ্রহ পরিলক্ষিত হয় যা অত্যন্ত আশাব্যাঞ্জক।



বহুমুখী পাটপণ্যের যৌথ মেলার উদ্দেশ্য -

- মেলায় আগত দর্শনার্থীদের নিকট বাংলাদেশের সোনালী আঁশ পাট দিয়ে উৎপাদিত বহুমুখী পাটপণ্য সামগ্রী উপস্থাপন করা এবং উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের প্রতি ক্রেতাদের আগ্রহ সৃষ্টি করা;
- মেলার অন্যতম লক্ষ্য ছিল উদ্যোক্তাদেরকে বিপণনে সহায়তাকরণ এবং ক্রেতাদের কাছে তাঁদের উৎপাদিত পণ্যের সমাহার উপস্থাপন ও বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে পারস্পরিক মিলন ঘটানো এবং একে অপরকে ভালভাবে জানা ও সম্পর্ক স্থাপনে/সেতু বন্ধনে সহায়তাকরণ;
- বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার এবং ব্যবহার বৃদ্ধির জন্য দেশের তৃনমূল পর্যায়ে পাটপণ্য ছড়িয়ে দেয়া;
- উদ্যোক্তাদের নিজেদের বহুমুখী পাটপণ্য সামগ্রীর গুনগত মান সম্পর্কে পরস্পরের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে পাটপণ্যের গুনগত মান আরোও কিভাবে উন্নত করা যায় তার সুযোগ তৈরী করে দেয়া;
- ক্ষুদ্র ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহের মালামাল বিপণনে সহায়তা ও তাদের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ও বিনিয়োগের অর্থ পুনরুদ্ধার করে চলতি মূলধনের মতো বার বার ব্যবহার করে বাৎসরিক turn over বাড়ানো;
- বহুমুখী পাটপন্য সামগ্রীর বাজার সৃষ্টিতে সহায়তা করা এবং মেলায় আগত Buyer গণ যারা সহজেই মেলায় তাঁদের পছন্দের সামগ্রী সংগ্রহ করতে পারেন সে ব্যবস্থাকরণ;
- পাশাপাশি উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ যাতে সহজেই দেশে তাঁদের পাটপণ্যের বিক্রয় Order লাভ করতে পারেন সেই সুযোগ সৃষ্টিকরণ;
- এছাড়া উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের গুনগত পরিবর্তন ও প্রযুক্তিগত উন্নয়ন এবং নতুনরূপে ক্রেতাদের বিশেষ করে নতুন প্রজন্মের কাছে সুন্দরভাবে উপস্থাপন করাও ছিল এ মেলা আয়োজনের অন্যতম উদ্দেশ্য।
- সর্বোপরি বহুমুখী পাটপণ্যসামগ্রী দেশে বাজারজাতকরণ ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে, বিপণন ও প্রচারমূলক কার্যক্রমের সফল মাধ্যম হিসেবে মেলা আয়োজন করা হয়।

প্যাভিলিয়ন ও ষ্টল তৈরী ঃ

বিসিক, চট্টগ্রাম এর পক্ষ হতে প্যাভেলিয়ন ও ষ্টল তৈরী করা হয়। প্রতিটি ৮×৮ ষ্টলের সম্মানী মূল্যে ১০,০০০/- টাকা নির্ধারন ছিল। জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের একটি সরকারী প্রতিষ্ঠান হওয়ায় এবং তাদের সহযোগী প্রতিষ্ঠান হওয়ার মেলা কর্তৃপক্ষের পক্ষ হতে ৫০% ছাড়ে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা মূল্যে দুইটি স্টল আমাদের পাট পণ্যে প্রদর্শন ও বিক্রি করার জন্য বরাদ্ধ দেয়। জেইএসসি চট্টগ্রাম এর পক্ষ থেকে চট্টগ্রাম এর দুই জন উদ্যোক্তা এর জুট ফিউশন এবং আইরিশ বুটিকস্ এর সত্ত্বাধিকারী মেলায় অংশগ্রহন করে।

মোঃ মোজাহিদুল ইসলাম




উদ্যোক্তাগনের আগমন ঃ

গত ১৫-১২-২০২৪ ইং মেলা উদ্বোধনের পূর্বেই পাটপন্য প্রর্দশন ও বিক্রয়ের জন্য প্রতিষ্ঠানদ্বয় কে প্রস্তুত রাখাতে বলা হয়। সকাল ১০ টার মধ্যে তারা এসে ষ্টলটিতে পাট পন্যে সাজানোর কাজ শেষ করে। এ ব্যাপারে আমাদের পক্ষ হতে তাদেরকে সব রকমের সহযোগীতা করা হয়।

মেলা উদ্বোধন ঃ

সকাল ১০ টায় মেলার উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়, অনুষ্ঠান উদ্বোধন করেন বিসিক চট্টগ্রাম এর আঞ্চলিক পরিচালক (উপসচিব) জনাব মোঃ মোতাহার হোসেন । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিসিক চট্টগ্রাম এর উপব্যবস্থাপক মোঃ নুরুল আবছার ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ। উদ্বোধন শেষে জেডিপিসি'র ষ্টল সহ সমস্ত মেলা পরিদর্শন করেন এবং মেলায় অংশগ্রহন কারী আগত উদ্যোক্তা'র সাথে কথা বলেন। তিনি পাট পন্য দেখে মুগ্ধ হন এবং জেডিপিসি'কে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন যে, বিশ্বের এখন প্রায় বেশির ভাগ দেশেই পাট পণ্যের চাহিদা বাড়ছে, বিশ্বের চাহিদা মোতাবেক সেই অনুপাতে আমাদের কাজ করতে হবে। মেলাতে পাটের লাঞ্চ ব্যাগ, লেডিস ব্যাগ, টিস্যু ব্যাগ, হাত পার্স, কবি ব্যাগ, সেমিনার ব্যাগ, মোবাইল ব্যাগ, পাসপোর্ট ব্যাগ, স্যান্ডেল ও বিভিন্ন ধরনের শো পিচ প্রদর্শন করা হয়। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা চলে।



উদ্যোক্তাগন/ দর্শনার্থীদের জেইএসসি চট্টগ্রাম সেন্টার পরিদর্শন ঃ

মেলায় উদ্যোক্তার পাশাপাশি আমরা আমাদের জেডিপিসির পরিচিতি ও কার্যক্রম সম্বলিত ব্রশিয়ার নিয়ে উপস্থিত ছিলাম এবং আমাদের কার্যবলী সমন্ধে আগত দর্শনার্থীদের বিস্তারিতভাবে অবহিত করি এবং দর্শনার্থীদের আগ্রাবাদস্থ জেইএসসি চট্টগ্রাম সেন্টারে আসার জন্য আমন্ত্রন জানানো হয়। জেইএসসি কেন্দ্রটি মেলার পাশে হওয়ায় প্রায় সব সময় দর্শনার্থীরা আমাদের কেন্দ্রে আসেন এবং সেন্টারটি ঘুরে দেখেন ও বিভিন্ন মতামত পেশ করেন।

বিক্রয় ঃ

মেলায় লোকসমাগম আশানরুপ হয়েছিল। তবুও মেলায় ষ্টলে প্রদর্শিত পন্যের সমাহার বেশী ছিল। তারপরেও মেলা শুরু প্রথম থেকেই বিক্রয় ভালো হয়। সর্বমোট বিক্রয়ের পরিমান প্রায় ৬০,০০০/- (ষাট হাজার) টাকা।

সমাপনী অনুষ্ঠান ঃ

গত ২৪-১২-২০২৪ তারিখে মেলার সমাপনী করা হয়। ঐ দিন রাত ৮ টায় সমাপনী অনুষ্ঠানের মধ্যে দিয়ে মেলা সমাপ্তের আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বিসিক চট্টগ্রাম এর আঞ্চলিক পরিচালক (উপসচিব) জনাব মোঃ মোতাহার হোসেন। আমি জেডিপিসির পক্ষে মাননীয় প্রধান অতিথিকে ধন্যবাদ জ্ঞাপন করি আমাদের মেলায় অংশ গ্রহনের সুযোগ দেওয়ার জন্য। রাত ৯টা পর্যন্ত মেলা চলে সমাপ্ত করা হয়। উদ্যোক্তাগনের মেলা ত্যাগের সময় আমরা উপস্থিত থেকে তাদের সার্বিক সহযোগিতা করি ও দশ দিন কষ্ট করে জেডিপিসির পক্ষে মেলার অংশগ্রহন করার জন্য তাদের আন্তরিক ধন্যবাদ জানাই।

(স্বপন চন্দ্র মোহন্ত)
এক্সটেনশন এন্ড মার্কেটিং অ্যাসিসটেন্ট
জেইএসসি, আগ্রাবাদ, চট্টগ্রাম।

মোঃ মোজাহিদুল ইসলাম
ডিজাইন এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)

# ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা -২০২৫ এ অংশগ্রহণের প্রতিবেদন



জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫

ফেব্রুয়ারী-২০২৫।

# ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫-এ জেডিপিসি অংশগ্রহণ সংক্রান্ত প্রতিবেদন

## ভূমিকা

রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক আয়োজিত ০১ লা জানুয়ারি ২০২৫ তারিখে থেকে মাসব্যাপী ২৯ তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫ আয়োজন করা হয়। রপ্তানি বাণিজ্য উন্নয়নের অন্যতম প্রধান কৌশল হচ্ছে পণ্য উন্নয়ন ও পণ্যের বাজার সৃষ্টি। আর পণ্য বাজার সৃষ্টির অন্যতম প্রধান কৌশল হচ্ছে আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজন ও মেলায় অংশগ্রহণ। বাণিজ্য মেলার স্থায়ী ভেন্যু বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (বিবিসিএফইসি)-এ ডিআইটিএফ আয়োজনের মধ্য দিয়ে দেশের ব্যবসা-বাণিজ্য উন্নয়ন ও সম্প্রসারণে যুক্ত হয়েছে এক নতুন অধ্যায়। দেশীয় পণ্যের প্রচার, প্রসার, উৎপাদন ও বিপণনে সহায়তা প্রদানের লক্ষ্যে জেডিপিসি ২০০৬ সাল হতে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ করে আসছে।

এবারের বাণিজ্য মেলায় বিভিন্ন ক্যাটাগরির মোট ১৩টি প্যাভিলিয়ন, ২১টি মিনি প্যাভিলিয়ন, ৩৩২টি স্টল এবং ১২টি ফুড স্টল দেশি-বিদেশি প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করা হয়। অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রিত এক্সিবিশন সেন্টারের ১৪৩৬৬ বর্গমিটার (প্রায় ১,৫৫,০০০ বর্গফুট) আয়তনের ০২টি হলে (Hall-A ও Hall-B) সজ্জিত হয়েছিল। মেলা কমপ্লেক্সের বাইরে (সম্মুখ ও পেছনে) প্যাভিলিয়ন, মিনি প্যাভিলিয়ন এবং ফুড স্টল নির্মাণ করা হয়।

বিদেশি অংশগ্রহনকারীদের জন্য নির্মিত জোনে বিদেশী সব পণ্য প্রদর্শিত হয়েছিল। মেলায় প্রদর্শিত পণ্যগুলোর মধ্যে থেকে ছিল- মেশিনারিজ, কার্পেট, কসমেটিকস এ্যান্ড বিউটি এইডস, ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাটজাত পণ্য, লেদার গুডস এ্যান্ড ফুটওয়্যার, স্পোর্টস গুডস, স্যানিটারিওয়্যার, খেলনা, স্টেশনারি, ঘড়ি, জুয়েলারি, সিরামিকস, টেবিলওয়্যার, দেশী বস্ত্র, কেবলস, মেলামাইন, প্রক্রিয়াজাত খাদ্য, ফাস্টফুড, আসবাবপত্র ও হস্তশিল্প। দেশের এবং দেশের বাইরের সকল ক্রেতা সাধারণের নিকট বিভিন্ন পণ্য সামগ্রী তুলে ধরা এবং পরিচিতি ঘটানোর লক্ষেই ইপিবি মাসব্যাপী এই বিশাল মেলার আয়োজন করে থাকে।

ইংরেজি নববর্ষের প্রথম দিনে অর্থাৎ ০১ জানুয়ারি ২০২৫ তারিখ পুর্বাচল নতুন শহরে বঙ্গবন্ধু বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার (বিবিসিএফইসি)-এ ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫ এর ২৯তম আসরের পর্দা উন্মোচিত হয়। অন্তবর্তকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা জনাব ড. মুহাম্মদ ইউনুস মেলার শুভ উদ্বোধন করেন। বিবিসিএফইসি প্রাঙ্গে উপস্থিত থাকেন ঢাকাস্থ বিভিন্ন দেশের মান্যবর রাষ্ট্রদূতগণ, বিভিন্ন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিববৃন্দ, এফবিসিসিআই-এর সভাপতিসহ বিভিন্ন বনিক সমিতির প্রতিনিধিবৃন্দ, মন্ত্রণালয় ও সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, ব্যবসায়ীবৃন্দ এবং প্রেস ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ। পূর্বের ন্যায় মেলাটি জানুয়ারি মাসব্যাপী প্রত্যহ সকাল ১০.০০ টা হতে রাত ৯.০০ টা পর্যন্ত চলমান ছিল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) সূচনালগ্ন থেকেই পাটপণ্য সামগ্রী বহুমুখীকরণ, মান সম্পন্ন পণ্য উৎপাদন ও পাটপণ্যের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে পাট শিল্পের হারানো গৌরব পুনরুজ্জীবিত ও পাট অর্থনীতির উন্নতি সাধনকল্পে বিভিন্ন ধরনের কর্মসূচী গ্রহন করে আসছে। এ ধারাবাহিকতা অক্ষুন্ন রেখে প্রতি বছরের ন্যায় এ বছরও রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক আয়োজিত মেলায় জেডিপিসি ৩৬'x১৭' আয়তনের ০২টি সংরক্ষিত মিনি প্যাভিলিয়নে (RMP-02-03) ১৮ টি স্টল তৈরি করা হয়েছে। উক্ত মেলায় জেডিপিসির প্যাভিলিয়নে ১৮ টি স্টল বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী ১৪ জন উদ্যোক্তাকে পৃথক পৃথক স্টল বরাদ্দ দেয়া হয়। জেডিপিসি'র প্যাভিলিয়নটি গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত ছিল এবং সাজসজ্জার দিক থেকেও আকর্ষণীয় ছিল।

## উদ্দেশ্য

জেডিপিসি'র ডিআইটিএফ-২০২৫ এ অংশগ্রহণের মূল উদ্দেশ্য ছিলো-

- আন্তর্জাতিক এ মেলায় আগত দর্শনার্থীদের মধ্যে বাংলাদেশের সোনালী আঁশ পাট দিয়ে উৎপাদিত বহুমুখী পাটপণ্য সামগ্রী উপস্থাপন করা এবং উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের প্রতি ক্রেতাদের আগ্রহ সৃষ্টি করা;
- মেলার অন্যতম লক্ষ্য ছিল উদ্যোক্তাদেরকে বিপণনে সহায়তাকরণ এবং ক্রেতাদের কাছে তাঁদের উৎপাদিত পণ্যের সমাহার উপস্থাপনকরণ ও বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে পারস্পরিক মিলন ঘটানো এবং একে অপরকে ভালভাবে জানা ও সম্পর্ক স্থাপনে/সেতু বন্ধনে সহায়তাকরণ;
- উদ্যোক্তাদের নিজেদের বহুমুখী পাটপণ্য সামগ্রীর গুনগত মান সম্পর্কে পরস্পরের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে পাটপণ্যের গুনগত মান আরোও কিভাবে উন্নত করা যায় তার সুযোগ তৈরী করে দেয়া;
- ক্ষুদ্র ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহের মালামাল বিপণনে সহায়তা ও তাদের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি ও বিনিয়োগের অর্থ চলতি মূলধনের মতো বার বার ব্যবহার করে বাৎসরিক turn over বাড়ানো;
- বহুমুখী পাটপন্য সামগ্রীর বৈদেশিক বাজার সৃষ্টিতে সহায়তা করা এবং মেলায় বিভিন্ন দেশ থেকে আগত Buyer গণ যাতে সহজেই মেলায় তাঁদের পছন্দের সামগ্রী সংগ্রহ করতে পারেন সে ব্যবস্থাকরণ;
- পাশাপাশি উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ যাতে সহজেই দেশে-বিদেশে তাঁদের পাটপণ্যের বিক্রয় Order লাভ করতে পারেন সেই সুযোগ সৃষ্টিকরণ;
- এছাড়া উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের গুনগত পরিবর্তন ও প্রযুক্তিগত উন্নয়ন এবং নতুনরূপে ক্রেতাদের বিশেষ করে নতুন প্রজন্মের নিকট আকর্ষনীয় ভাবে উপস্থাপন করাও ছিল **ডিআইটিএফ-২০২৫** এ অংশগ্রহণের অন্যতম উদ্দেশ্য।
- সর্বোপরি বহুমুখী পাটপণ্য সামগ্রী দেশে ও বিদেশে বাজারজাতকরণ ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে, বিপণন ও প্রচারমূলক কার্যক্রমের সফল মাধ্যম হিসেবে মেলায় অংশগ্রহণ করা হয়।

## আয়োজক

রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক আয়োজিত ঢাকা আন্তর্জাতিক বানিজ্য মেলায় জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) RMP-02-03 নং মিনি প্যাভিলিয়ন বরাদ্দ নিয়ে বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী ১৪ জন উদ্যোক্তাকে অংশগ্রহণের সুযোগ প্রদান করে। উক্ত প্যাভিলিয়ন সাইজ ছিল ৩৬′× ৩৪′ এবং ১৪ জন উদ্যোক্তাদের মধ্যে ১৮ টি স্টল প্রতিটি সাইজ ৭′ × ৭′ বরাদ্দ প্রদান করা হয়।

## মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ

মেলায় অংশগ্রহনকারী প্রতিষ্ঠান এবং তাঁদের উৎপাদিত বহুমুখী পাটপণ্য সামগ্রী-

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | পাটপণ্য সামগ্রীর তালিকা |
|---|---|---|
| ১। | এপ্রে হ্যান্ডিক্রাফট | শপিং ব্যাগ, লেডিস ব্যাগ ইত্যাদি। |
| ২। | ক্লাসিক্যাল হ্যান্ডমেইড প্রোডাক্টস বিডি লি: | ফ্লোর ম্যাট, ডোর ম্যাট, ফ্লোর কভারিং ম্যাট ইত্যাদি। |
| ৩। | রুপালী কুটির শিল্প | বিভিন্ন ধরনের শো-পিচ, শপিং ব্যাগ ইত্যাদি। |
| ৪। | ইজমা ব্রান্ড | শপিং ব্যাগ, লেডিস ব্যাগ, কলেজ ব্যাগ, টিফিন ক্যারিয়ার ব্যাগ, বোতল ব্যাগ ইত্যাদি। |
| ৫। | জুট ব্র্যান্ড | শপিং ব্যাগ, লেডিস ব্যাগ ইত্যাদি। |
| ৬। | ময়না জুট বাজার | লেডিস ব্যাগ, স্কুল ব্যাগ, অফিস ব্যাগ, ফাইল ব্যাগ, মানিব্যাগ, কবি ব্যাগ ইত্যাদি। |
| ৭। | অগ্রজ | ভিন্ন ধরনের শো-পিচ। |
| ৮। | হলি ক্রাফটস এন্ড ফ্যাশন | শপিং ব্যাগ, লেডিস ব্যাগ, কলেজ ব্যাগ, মোবাইল ব্যাগ, টিফিন ক্যারিয়ার ব্যাগ, বোতল ব্যাগ ইত্যাদি। |
| ৯। | হেরিটেজ ইকো প্রোডাক্ট | শপিং ব্যাগ, স্কুল ব্যাগ, লেডিস ব্যাগ, ট্রাভেল ব্যাগ, কয়েন পার্স, মানি ব্যাগ, বোতল ব্যাগ, ক্যারিয়ার ব্যাগ ইত্যাদি। |
| ১০। | বেঙ্গল ব্রেইডেড রাগস লিমিটেড (বেনী বুনন) | বিভিন্ন ধরনের কার্পেট, ফ্লোর ম্যাট, ডোর ম্যাট, ফ্লোর কভারিং ম্যাট ইত্যাদি। |
| ১১। | রাফি এন্টারপ্রাইজ | শপিং ব্যাগ, লেডিস ব্যাগ, স্কুল ব্যাগ, অফিস ব্যাগ ইত্যাদি। |
| ১২। | ব্যাগ বাজার | শপিং ব্যাগ, স্কুল ব্যাগ, লেডিস ব্যাগ, ট্রাভেল ব্যাগ, ক্যারিয়ার ব্যাগ ইত্যাদি। |
| ১৩। | বাংলা জুট হ্যান্ডিক্রাফটস | বিভিন্ন ধরনের কার্পেট, ফ্লোর ম্যাট, ডোর ম্যাট, ফ্লোর কভারিং ম্যাট ইত্যাদি। |
| ১৪। | রুরাল উইমেন এমপাওয়ারমেন্ট | লেডিস ব্যাগ, অফিস ব্যাগ, ফাইল ব্যাগ ইত্যাদি। |

সামগ্রিকভাবে পর্যালোচনা করে দেখা যায় যে, উপরোক্ত বহুমুখী পাটপণ্য সামগ্রীর মধ্যে বিভিন্ন ধরনের শপিং ব্যাগ, লেডিস ব্যাগ, অফিস ব্যাগ, ফ্যাশনেবল ব্যাগ এর ব্যাপক চাহিদা মেলায় আগত ক্রেতা ও দর্শনার্থীদের মধ্যে পরিলক্ষিত হয়। বিভিন্ন বয়সী নারীদের কাছে লেডিস ব্যাগ এবং ফ্যাশনেবল ব্যাগের ব্যাপক চাহিদার পাশাপাশি স্কুল কলেজের ছাত্র/ছাত্রীদের মাঝে স্কুল এবং কলেজ ব্যাগের ব্যাপক চাহিদা বহুমুখী পাটপণ্যের সাথে সম্পৃক্ত উদ্যোক্তাবৃন্দের মধ্যে এ ধরনের পন্যসামগ্রী উৎপাদন উন্নয়নে ব্যাপক আগ্রহ সৃষ্টি করেছে।

## বিক্রয় চিত্র

প্যাভিলিয়নে সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত থাকা জেডিপিসি'র কর্মকর্তা-কর্মচারীগণ মেলায় বিক্রয়ের ধারণা লাভের জন্য উদ্যোক্তাদের প্রতিদিনের বিক্রয়ের হিসাব সংগ্রহ করেন। মাসব্যাপী আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ১৪ জন উদ্যোক্তা জেডিপিসির প্যাভিলিয়নে অংশগ্রহণ করেন। উদ্যোক্তাদের প্রদত্ত তথ্যানুসারে উক্ত মেলায় মোট বিক্রীর পরিমাণ আনুমানিক ১,৩০,৭৭,২০০/- (এক কোটি ত্রিশ লক্ষ সাতাত্তোর হাজার দুইশথ টাকা) মাত্র (ইহা উদ্যোক্তাদের প্রদত্ত আনুমানিক হিসাব)।

মেলায় বহুমুখী পাটপণ্য সামগ্রীর বিক্রয় বিবরনী

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | স্টল নং | বিক্রয় মূল্য (টাকায়) |
|---|---|---|---|
| ১। | এগ্রো হ্যান্ডিক্রাফট | ১ | ১১,৪৯,৬৫০.০০ |
| ২। | ক্লাসিক্যাল হ্যান্ডমেইড প্রোডাক্টস বিডি লি: | ২-৩ | ৩,১১,২৭০.০০ |
| ৩। | রুপালী কুটির শিল্প | ৪ | ৩,১৪,৫১০.০০ |
| ৪। | ইজমা ব্র্যান্ড | ৫ | ৭,৬৪,২১০.০০ |
| ৫। | জুট ব্র্যান্ড | ৬-৭ | ১১,৯৯,১৮০.০০ |
| ৬। | ময়না জুট বাজার | ৮ | ৭,৭৯,২৪০.০০ |
| ৭। | অগ্রজ | ৯ | ৪,০৫,৫৩০.০০ |
| ৮। | হলি ক্রাফটস এন্ড ফ্যাশন | ১০ | ৬,০৮,৯০০.০০ |
| ৯। | হেরিটেজ ইকো প্রোডাক্ট | ১১ | ৮,৭২,৩০০.০০ |
| ১০। | বেঙ্গল ব্রেইডেড রাগস লিমিটেড (বেনী বুনন) | ১২-১৩ | ১৩,৭৬,৬৫৩.০০ |
| ১১। | রাফি এন্টারপ্রাইজ | ১৪ | ৮,৭৫,৭১৫.০০ |
| ১২। | ব্যাগ বাজার | ১৫ | ৭,৬৪,৯২০.০০ |
| ১৩। | বাংলা জুট হ্যান্ডিক্রাফটস | ১৬-১৭ | ৩২,২৭,১৫০.০০ |
| ১৪। | রুরাল উইমেন এমপাওয়ারমেন্ট | ১৮ | ৪,২৭,৯৭২.০০ |
| | | সর্ব মোট (১৮ টি স্টল) | ১,৩০,৭৭,২০০.০০ |

## মেলায় লোক সমাগম

দর্শকদের আগমন নিরুপনের জন্য জেডিপিসি প্রতিদিন সকাল ১১ টায়, ৩ ঘটিকায়, ৬ ঘটিকায় ও ৮.৩০ ঘটিকায় আধা ঘন্টাব্যাপী নিবিড় পর্যবেক্ষণ করে। তাতে দেখা যায় যে, প্রতিদিন গড়ে প্রায় ২,০০০ থেকে ২,৫০০ দর্শনার্থী বহুমুখী পাটপণ্যের এ প্যাভিলিয়নটি পরিদর্শন করেন। যার মধ্যে ৬০ ভাগ নারী দর্শক এবং ৪০ ভাগ নতুন প্রজন্মের ছেলে-মেয়ে রয়েছে। বহুমুখী পাটপণ্যের বিপুল সমাহার দেখে ক্রেতা সাধারণ মুগ্ধ হন এবং উচ্চমূল্য সংযোজিত এ পাটপণ্য ব্যবহারের ক্ষেত্রেও তাদের আগ্রহ লক্ষণীয়। পাট শুধু বস্তা নয়, পাট ও পাটজাত সামগ্রী দিয়ে তৈরী সুন্দর সুন্দর পণ্য তাঁদের পূর্ব ধারনাকে সম্পূর্ণরূপে পাল্টে দেয়। উল্লেখ করা প্রয়োজন যে, দর্শকদের মধ্যে মহিলা ও যুবসমাজের অংশগ্রহন বিশেষভাবে পরিলক্ষিত হয়। এছাড়াও মেলায় আগত নতুন প্রজন্মের ছেলে মেয়েদের মধ্যে সোনলী আঁশ পাট থেকে তৈরীকৃত বহুমুখী পাটপণ্য সামগ্রীর ব্যাপারে ব্যাপক আগ্রহ পরিলক্ষিত হয় যা অত্যন্ত আশাব্যাঞ্জক।

## অর্জন


রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক আয়োজিত ০১ জানুয়ারি ২০২৫ তারিখ থেকে মাসব্যাপী ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫ গত ৩১-০১-২০২৫ তারিখে শেষ হয়। মেলায় জেডিপিসি ৩৬'x১৭' আয়তনের ০২টি সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন (RMP) বরাদ্দ নিয়ে তার মধ্যে ১৮টি স্টল তৈরি করে জেডিপিসি'র তালিকাভূক্ত উদ্যোক্তাদের বরাদ্দ দিয়ে মেলায় অংশগ্রহন করে। দৃষ্টিনন্দন, আকর্ষণীয়, প্রদর্শিত পণ্য ও সেবার মান দর্শকদের প্রশংসা অর্জন করায় সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন ক্যাটাগরিতে ১ম পুরস্কার (গোল্ড কালার ট্রফি) অর্জন করে পুরস্কার প্রাপ্ত হয়।

## অবদান

মেলার উল্লেখযোগ্য অবদান হচ্ছে সকলের মধ্যে বহুমুখী পাটপণ্যের প্রচার ও প্রসার। নতুন প্রজন্মের কাছে সোনালী আঁশ পাটকে আরও বহুমুখীভাবে উপস্থাপন। বিভিন্ন স্থান থেকে আগত মেলায় শিল্প উদ্যোক্তাদের মধ্যে পারস্পরিক আলোচনার মাধ্যমে নিজেদের উৎপাদিত পণ্য সামগ্রীর গুনগতমানের উৎকর্ষ সাধন ও উৎপাদন প্রক্রিয়া সম্পর্কে মত বিনিময় হয়েছে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং অন্যান্য অনেক উচ্চপ্রদস্থ কর্মকর্তাগণ বিভিন্ন তারিখে প্যাভিলিয়নটি পরিদর্শন করেন। কর্মকর্তাগণ বহুমুখী পাটপণ্যের সমাহার দেখে খুবই মুগ্ধ হন ও উদ্যোক্তাদের এ ব্যাপারে উৎসাহিত করেন। জেডিপিসি'র মেলা পরিচালনা কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

# জেডিপিসি'র প্যাভিলিয়নের বহিঃদৃশ্য
# ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫




জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫
ফেব্রুয়ারি-২০২৫
ফোনঃ ৯১৪৫৫১১, ফ্যাক্স : ৯১২১৫২৩।

# স্থানীয়ভাবে অন্যান্য সংস্থায় আয়োজিত বিভিন্ন মেলায় অংশগ্রহন




মেলার সময়কালঃ ০৮-১৭ জানুয়ারি/২০২৫ ইং, ১০ (দশ) দিন ব্যাপী

স্থানঃ বাংলাদেশ ক্ষুদ্র কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) ভবন চত্বর, শিববাড়ী, খুলনা।

---

বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি), যশোর

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)

বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মেহেরুন ভিলা, নীলরতন ধর রোড, চার খাম্বার মোড়, যশোর-৭৪০০।

ভূমিকাঃ বাংলাদেশ ক্ষুদ্র কুটির শিল্প (বিসিকি) ভবন, চত্বর খুলনাতে গত ০৮ জানুয়ারি/২০২৫ ইং থেকে ১৭ জানুয়ারি/২০২৫ ইং পর্যন্ত মোট ১০ (দশ) দিন ব্যাপী বিসিক উদ্যোক্তা মেলার উদ্বোধন অনুষ্ঠানে গতকাল বুধবার বিকালে শিববাড়ি মোড়স্থ বাংলাদেশ ক্ষুদ্র কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ভবন চত্বরে অনুষ্ঠিত হয়।

উদ্বোধন কালে বিভাগীয় কমিশনার বলেন, নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে এ ধরনের মেলা বেশি করে আয়োজন করতে হবে। মানসম্মত পণ্য উৎপাদন করে মানুষের কাছে পৌঁছে দিতে হবে। এতে করে দেশ লাভবান হবে এবং ক্রেতা-বিক্রেতা উপকৃত হবে। বর্তমান সময়ে ছেলে মেয়ে কেউ বেকার থাকতে চায় না। দেশের অর্থনৈতিক উন্নয়নে ছোট ছোট উদ্যোক্তরা ব্যাপক ভূমিকা রেখে চলেছে। ক্ষুদ্র  ও মাঝারি উদ্যোক্তাদের তৈরী পণ্য সামগ্রির প্রচার প্রসার বাড়াতে হবে।

চাকুরির পেছনে না ছুটে নিজে উদ্যোক্তা হয়ে অন্যকে চাকুরি দিতে পারলে দেশের বেকারত্বের হার কমে আসবে। খুলনার জেলা প্রশাসক মোহাম্মদ সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন খুলনা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোঃ জুলফিকার আলী হায়দার ও খুলনা বিসিকের ব্যবস্থাপক তাহেরা নাসরীন। স্বাগত বক্তৃতা করেন বিসিকের জেলা কার্যালয়ের উপমহাব্যবস্থাপক গোলাম সাকলাইন। বিভাগীয় ও জেলা প্রশাসনের সহযোগিতায় বিসিক জেলা কার্যালয় এই অনুষ্ঠানের আয়োজন করে।

৩৫টি স্টলে ১০ (দশ) দিন ব্যাপী এই মেলা প্রতিদিন সকাল ০৯.০০ টা থেকে রাত ০৯.০০ টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত করা হয়।





